যুগান্তর

তারিখ 24 AUG 2017
পৃষ্ঠা ১৬ কলাম 2

বঙ্গবন্ধুর সঙ্গে ইউপি চেয়ারম্যানের তুলনা

# চট্টগ্রামে রাষ্ট্রদ্রোহ মামলায় ১৩ শিক্ষক কারাগারে

**চট্টগ্রাম ব্যুরো**

চট্টগ্রামের বাঁশখালীতে রাষ্ট্রদ্রোহ মামলায় ১৩ শিক্ষককে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে এক ইউপি চেয়ারম্যানের সঙ্গে তুলনা করে পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের অভিযোগে তাদের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা হয়েছিল। বুধবার বিকালে বাঁশখালীর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. সাজ্জাদ হোসেন এ আদেশ দিয়েছেন। বিষয়টি নিশ্চিত করেছেন বাঁশখালী থানার ওসি মো. আলমগীর হোসেন।

আদালত সূত্র জানায়, চলতি বছরের এপ্রিল মাসে অনুষ্ঠিত মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' বিষয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের সঙ্গে কয়লা বিদ্যুৎ প্রকল্প নির্মাণবিরোধী ও গণ্ডামারা ইউপির বসতভিটা ও গোরস্থান রক্ষা কমিটির আহ্বায়ক এবং বিএনপি নেতা লেয়াকত আলীর তুলনা করে প্রথম সাময়িক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করে পরীক্ষার্থীদের মাঝে বিতরণ করে পরীক্ষা নেয়া হয়।

যথারীতি ওই দিন পরীক্ষা শেষে বিষয়টি বিভিন্ন মহলের নজরে এলে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রতিবাদের ঝড় ওঠে। বিষয়টি উপজেলা প্রশাসনের দৃষ্টিগোচর হলে তৎক্ষণাৎ প্রশ্নপত্র প্রস্তুতকারী বাঁশখালী বঙ্গবন্ধু উচ্চবিদ্যালয়ের শিক্ষক দুকুল বড়ুয়াকে পুলিশে সোপার্দ করা হয়। পরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে দক্ষিণ চট্টগ্রামের ছয়টি উপজেলার মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ও সম্পাদকসহ প্রশ্ন তৈরিকারককে আসামি করে রাষ্ট্রদ্রোহ মামলা দায়ের করা হয়। মামলা দায়েরের পর ১৩ শিক্ষক সুপ্রিমকোর্টের হাইকোর্ট ডিভিশন হতে তিন মাসের আগাম জামিন লাভ করেন। বুধবার আগাম জামিনের মেয়াদ শেষ হওয়ায় পুনরায় নিম্ন আদালতে হাজির হয়ে জামিন আবেদন করেন ১৩ শিক্ষক। দীর্ঘ শুনানি শেষে আদালত ১৩ শিক্ষকের জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

[illegible]
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
প্রধান, পরিসংখ্যান বিভাগ
প্রধান, ডি,এম,পি বিভাগ
সিনিয়র এনালিস্ট
সিনিয়র ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর